

এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

সর্বমোট

জুলাই ২০১৪ - অক্টোবর ২০২৫



EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha

আই কেয়ার প্রোগ্রাম

ইসিপি বার্তা



সুবিধা বঞ্চিতদের জন্য বিশেষ উদ্যোগ: বিনামূল্যে চশমা ও চিকিৎসা

মানবিক সাহায্য সংস্থা পরিচালিত আই কেয়ার প্রোগ্রাম সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের চক্ষু স্বাস্থ্য নিশ্চিত করতে অক্টোবর মাসব্যাপী বিশেষ কর্মসূচি গ্রহণ করে। রাজধানীর মোহাম্মদপুর এবং জিগাতলায় তিনটি স্কুলের সর্বমোট ৭২৭ জন শিক্ষার্থীকে সম্পূর্ণ বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও সেবা প্রদান করা হয়। এই বৃহৎ উদ্যোগে প্রতিটি শিশুর চোখের স্বাস্থ্য সুরক্ষার দিকটি নিশ্চিত করা হয়েছে। এদের মধ্যে ৭২ জন

শিক্ষার্থীকে বিনা মূল্যে চশমা দেওয়া হয় এবং ৮১ জনকে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়। এ মহৎ উদ্যোগের আর্থিক সহায়তায় দ্য ইউএই ইনভেস্টমেন্ট কোম্পানি -UBICO উদারহস্তে দান করেছেন। UBICO - এর এই ধারাবাহিক সহযোগিতা কোমলমতি শিক্ষার্থীদের উন্নত দৃষ্টিশক্তি এবং উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে আমাদের প্রচেষ্টায় নতুন মাত্রা যোগ করে। সফলভাবে সম্পন্ন

হওয়া এই সেবাদানমূলক কর্মসূচিটি শিশুদের সঠিক দৃষ্টিশক্তি ও ক্লাসে মনোযোগ বাড়াতে সহায়তা করবে। বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের অভিভাবকদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এই উদ্যোগের ভিন্ন মাত্রা যোগ করে। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কাছে মানসম্মত চক্ষুসেবা পৌঁছে দিতে আই কেয়ার প্রোগ্রাম দৃঢ় অঙ্গীকারবদ্ধ, যা আগামী প্রজন্মকে এক উজ্জ্বল ভবিষ্যৎ।

আলোর সন্ধানে স্বপন চন্দ্র: গয়াবাড়ীর দরিদ্রের চোখে দৃষ্টি ফেরালো ইসিপি

আঘাতের কারণে এক চোখ নষ্ট, আর অন্য চোখে ছানি পড়ায় নীলফামারীর গয়াবাড়ীর দরিদ্র স্বপন চন্দ্র দীর্ঘদিন ধরে চোখে দেখতে পাচ্ছিলেন না। ভীষণ অর্থকষ্টে থাকা তাঁর নিজের সামর্থ্য না থাকায় চিকিৎসা করানো সম্ভব হচ্ছিল না। পরিবারটিও চলছিল চরম অনিশ্চয়তার মধ্যে। জীবন যখন সম্পূর্ণ অন্ধকারে ডুবে যাচ্ছিল, ঠিক সেই মুহূর্তে তিনি আই কেয়ার প্রোগ্রামের আই ক্যাম্পে এসে আলোর দিশা

পান। তাকে আই ক্যাম্পে শনাক্ত করে তাৎক্ষণিকভাবে বিনামূল্যে অপারেশনের জন্য রংপুর চক্ষু হাসপাতালে ভর্তি করা হয় এবং সফলভাবে ছানির অপারেশন সম্পন্ন করা হয়। সফল অস্ত্রোপচারের পর স্বপন চন্দ্র এখন শুধু ভালোভাবে দেখতেই পাচ্ছেন না, বরং হারানো আত্মবিশ্বাস এবং নতুন করে বাঁচার আশা ও জীবিকা নির্বাহের সুযোগ ফিরে পেয়েছেন।



উত্তরবঙ্গের প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চক্ষুসেবা পৌঁছে দিলো আই কেয়ার প্রোগ্রাম

আই কেয়ার প্রোগ্রাম এ মাসে সর্বমোট ৬টি বিনামূল্যে দৌড়গোড়ায় চক্ষু সেবা ক্যাম্প সফলভাবে সম্পন্ন করেছে। এই ক্যাম্পগুলোর মাধ্যমে মোট ১,৩১৮ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয়েছে (পুরুষ ৬২১ জন, মহিলা ৬৯৭ জন)। এর মধ্যে ৪০৬ জন রোগীর মধ্যে দৃষ্টি জনিত সমস্যা বা অন্যান্য ক্রমিক চিহ্নিত হয়েছে। এই মাসব্যাপী কার্যক্রমে মোট ২৫৬ জন রোগীর ছানি অপারেশন সফলভাবে সম্পন্ন করা হয় এবং ১০০ জন রোগীকে

বিনামূল্যে চশমা প্রদান করা হয়। এছাড়াও, মোট ৮২ জন রোগীর রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা করা হয় এবং চিকিৎসার জন্য ৪২৫ জনকে রেফারেল সেবা দেওয়া হয়। চক্ষু স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বাড়াতে ক্যাম্পগুলোতে ৮৭০টি ফ্লায়ার্স ও ৩০টি পোস্টার/প্ল্যাকার্ড বিতরণ করা হয়। সার্বিকভাবে, এই কার্যক্রমটি প্রান্তিক জনগোষ্ঠীর কাছে প্রয়োজনীয় চক্ষু স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।



MSS
Working for the People

প্রকাশনায়: মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট - মানবিক সাহায্য সংস্থা
মোবাইল: ০১৭৩০০২৪০৩৩ ইমেইল: eyecareprogram.mss@gmail.com

Eye Care Program-MSS

www.mssbd.org/our-program/eye-care-program

Eye Care Program MSS